‘অল্প সময়ে, স্বল্প খরচে, সঠিক বিচার পেতে চলো যাই গ্রাম আদালতে’

নরসিংদী প্রতিনিধি: ‘অল্প সময়ে, স্বল্প খরচে, সঠিক বিচার পেতে চলো যাই গ্রাম আদালতে’ এই প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প ‘গ্রাম আদালত কার্যক্রম’ সম্পর্কে জনসচেতনতা তৈরীতে প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনায় স্থানীয় অংশীজনদের সাথে এক সমন্বয় সভা গতকাল সোমবার নরসিংদী জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (উপসচিব) মৌসুমি আক্তার রাখি সভায় সভাপতিত্ব করেন।

বাংলাদেশ গ্রাম আদালত নরসিংদীর ডিস্ট্রিক্ট ম্যানেজার আহসানুল হক মিটন এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ফারজানা আলম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) কে, এম, শহিদুল ইসলাম সোহাগ, জেলা তথ্য অফিসার শামীমা নাসরিন, নরসিংদী প্রেস ক্লাবের সভাপতি মোঃ নূরুল ইসলাম, সাবেক সভাপতি নিবারণ রায় প্রমুখ।

বাংলাদেশের দরিদ্র ও সুর্বিধাবঞ্চিত জনগোষ্ঠীর ন্যায়বিচার প্রাপ্তির পথকে সহজ করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে।

এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের গ্রামীণ এলাকার জনগণ বিশেষত: নারী, জাতিগত সংখ্যালঘু এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠীর মানুষের ন্যায়বিচারের সুযোগ বৃদ্ধি করা। নরসিংদী জেলার ৬টি উপজেলার ৭১টি ইউনিয়নকে এর অধীনে নেয়া হয়েছে।